

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.১০.২০১৬- ৯৩৯

তারিখ : ১৭/০৯/২০১৭


বিষয় : “উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প”-এ অতিরিক্ত দায়িত্বে ০১ জন উপ-প্রকল্প পরিচালক পদায়ন প্রসঙ্গে।

সূত্র : প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর স্মারক নং-১৬৬ তারিখঃ ২১/০৮/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে অতিরিক্ত দায়িত্বে শিক্ষা, স্বাস্থ্য এবং কৃষি মন্ত্রণালয়/বিভাগ হতে ০৩ (তিন) জন উপ-প্রকল্প পরিচালক পদের সংস্থান রাখা হয়েছে। প্রকল্পটি বর্তমানে পূর্ণ মাত্রায় বাস্তবায়ন অবস্থায় রয়েছে এবং উল্লিখিত তিনটি খাতে ইতোমধ্যে বেশ কিছু দক্ষতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়াও, ১০৪ টি উপজেলা হতে অল্প দিনের মধ্যে অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্প প্রস্তাবসমূহ প্রকল্প সদর দপ্তরে পাওয়া যাবে। উক্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাই এবং অনুমোদন কাজে সহায়তার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ হতে ০১ (এক) জন উপ-প্রকল্প পরিচালক পদায়ন একান্ত জরুরী/আবশ্যিক।

এমতাবস্থায়, উপ-সচিব/পরিচালক/উপ-পরিচালক পদ মর্যাদার ০১ (এক) জন কর্মকর্তাকে প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক পদে অতিরিক্ত দায়িত্ব প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ সূত্রোক্ত স্মারকের ছায়ািলিপি।

  
(মোহাম্মদ জাহিরুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫৭৭২৩০  
e-mail : [lgd.upazila2@gmail.com](mailto:lgd.upazila2@gmail.com)

সচিব  
স্বাস্থ্য সেবা বিভাগ  
স্বাস্থ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

১. প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ডিপিএইচই ভবন, ১৪, ক্যাপ্টেন মনসুর আলী সড়ক, কাকরাইল, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।